71

দৈনিক ইত্তেফাক

তারিখ 19 JAN 1994
পৃষ্ঠা 2 কলাম 7

## শিক্ষাবোর্ড ও উত্তরপত্র পুনঃপরীক্ষা

এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরে কোন অনিয়ম থাকিলে বা প্রাপ্ত নম্বর সম্পর্কে কাহারও কোন সন্দেহ থাকিলে সেইসমস্ত পরীক্ষার উত্তরপত্র পুনঃপরীক্ষার আইনসম্মত এ বিধান শিক্ষা বোর্ডের রহিয়াছে। সেই সুবাদে প্রতি উত্তরপত্র পুনঃপরীক্ষার জন্য পঁচাত্তর টাকা হারে ফিস দেবার বিধানও আছে। কিন্তু অদ্যাবধি কোন উত্তরপত্র পুনঃপরীক্ষিত হইয়াছে এমন প্রমাণ পাওয়া যায় নাই। পুনঃপরীক্ষার নামে এমন প্রহসন এবং সেই সুবাদে মোটা অংকের অর্থ ফিস হিসাবে আদায়ের মাধ্যমে কৃত প্রতারণার কারণ অজ্ঞাত। এ বিষয়ে প্রশ্ন করাতে একাধিক উপ-পরীক্ষা নিয়ন্ত্রক জানান যে, পুনঃপরীক্ষার আবেদন করিলে শুধুমাত্র প্রাপ্ত নম্বর পুনঃগণনা করা হয় এবং কোন উত্তরপত্র পুনঃপরীক্ষা 'আইন বহির্ভূত'। এই প্রেক্ষাপটে আমার প্রশ্ন শিক্ষাঙ্গনেও কি কোন অনিয়মের প্রতিকার নেই? কোন ছাত্র-ছাত্রী যদি নিশ্চিতভাবে মনে করে যে, তাহার উত্তরপত্র সঠিকভাবে নিরীক্ষা করা হয় নাই বলিয়া সে প্রত্যাশিত নম্বর পায় নাই, তবে কি তাহার সত্যিকারের কোন প্রতিকার নাই?

ফিস দাখিলপূর্বক পুনঃপরীক্ষার আবেদনকৃত প্রতিটি উত্তর পত্র যথাযথভাবে অন্য পরীক্ষক দ্বারা পুনঃপরীক্ষা করা হোক, সংশ্লিষ্ট প্রতিটি কর্মকর্তার নিকট এই আমার অনুরোধ।

—তাসাদ্দুক হোসেন, মালিবাগ চৌধুরীপাড়া, ঢাকা।

## সাতক্ষীরা-আশাশুনি সড়ক

জেলা শহর সাতক্ষীরা হইতে আশাশুনি পর্যন্ত সড়কটি দীর্ঘদিন যাবৎ সংস্কারবিহীন অবস্থায় ছিল। বর্তমান সরকার উক্ত সড়কটির সংস্কার সাধন করিলেও সম্পূর্ণ রাস্তাটি এখনও যানবাহন চলাচলের উপযুক্ত হয় নাই। ফলে ইতিমধ্যে যে সংস্কার কাজ করা হইয়াছে উহা জনগণের কোন উপকারে আসিতেছে না। সড়কপথ সাতক্ষীরা হইতে আশাশুনির মধ্যে সেতুবন্ধন রচনাকারী উক্ত সড়কটির সংস্কারবিহীন বাকি অংশটুকু শীঘ্র সংস্কার করা হউক। এব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—ডাঃ শেখ মাছউদুর রহমান
গ্রাম+পোঃ লাবশা জেলা-সাতক্ষীরা।